ই - সংবাদ

জিরানীয়ায় স্বাস্থ্য ও পুষ্টি দিবসের কর্মসূচি

জিরানীয়া, ৭ সেপ্টেম্বর ।। জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আগামী ৮-১৩ সেপ্টেম্বর মহকুমার বিভিন্ন অঙ্গনওয়াড়ী কেন্দ্রে স্বাস্থ্য ও পুষ্টি দিবস আয়োজিত হবে। কর্মসূচি অনুযায়ী ৮ সেপ্টেম্বর শিবির হবে জয়নগর ভিলেজের রুস্তম আলী অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ৯ সেপ্টেম্বর পূর্ব নোয়াগাঁওয়ের বাগবাড়ী, বর্ধমান ঠাকুর পাড়ার ভবানীয়াপাড়া এবং পূর্ব বড়জলার নোয়াবাদী বাজার অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ১০ সেপ্টেম্বর পূর্ব কেপরাম পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ১১ সেপ্টেম্বর পূর্ব নোয়াগাঁওয়ের মনিপুরী পাড়া, রাধামোহনপুর ভিলেজের দশরামবাড়ী, উত্তর জয়নগরের কল্যানঠাকুর পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ১২ সেপ্টেম্বর শচীন্দ্র নগর কলোনীর কালীবাড়ী, পূর্ব বড়জলার শ্যামসুন্দর কলোনী, মাধববাড়ীর গোস্বামী পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, ১৩ সেপ্টেম্বর হরিজয় চৌধুরী ১ নং অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, পূর্ব মোহনপুর এবং মধ্য জয়নগর অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র থেকে এ তথ্য জানানো হয়েছে।

মানিকপুরে ১৩৬৫ জনকে স্বাস্থ্য পরিষেবা প্রদান

আমবাসা, ৭ সেপ্টেম্বর ।। মানিকপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে গতমাসে বিভিন্ন গ্রামে ৩৬টি স্বাস্থ্য শিবির এবং সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শিবিরগুলিতে ১৩৬৫ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। এর মধ্যে ৪০০ জনের রক্ত পরীক্ষা করা হয়।

স্বাস্থ্য শিবিরে মা ও শিশুর সুস্বাস্থ্য রক্ষায় সময় মত টিকাকরণ, ডায়েরিয়া সহ জলবাহিত রোগ থেকে রক্ষা পাওয়ার জন্য পানীয় জল ফুটিয়ে খাওয়া, ম্যালেরিয়া প্রতিরোধে ঘুমানোর সময় মশারী ব্যবহার করা, বাড়ী-ঘর পরিস্কার পরিচ্ছন্ন রাখা ইত্যাদির বিষয়ে আলোচনা করেন সংশ্লিষ্ট স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসকগণ।

পাট্টা প্রাপক ২৭টি পরিবারকে সহায়তা

কুমারঘাট, ৭ সেপ্টেম্বর ।। উপজাতি কল্যাণ দপ্তর থেকে কুমারঘাট ব্লকের দক্ষিণ ঊনকোটি এডিসি ভিলেজের ২৭টি পাট্টা প্রাপক পরিবারকে ৩২০টি করে সুপারীর চারা দেওয়া হয়। চারা রোপণ সহ রক্ষণাবেক্ষণে মোট ব্যয় হয়েছে ৪ লক্ষ ৯৬ হাজার ৭৪৫ টাকা। সংশ্লিষ্ট দপ্তরের কুমারঘাট বিভাগ থেকে এতথ্য জানানো হয়েছে।

শান্তিরবাজার মহকুমা ভিত্তিক শিক্ষক দিবস উদযাপিত

শান্তিরবাজার, ০৬ সেপ্টেম্বর ।। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে গতকাল জোলাইবাড়ী মহেন্দ্রমোহন উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে শান্তিরবাজার মহকুমা ভিত্তিক ৫৬তম শিক্ষক দিবস পালিত হয়। প্রদীপ প্রজ্জ্বলন করে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন কারা মন্ত্রী মনীন্দ্র রিয়াং। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শান্তিরবাজার পুর-পরিষদের চেয়ারপার্সন রতন চন্দ্র দাস। অনুষ্ঠানে কারামন্ত্রী মনীন্দ্র রিয়াং বলেন, শিক্ষা এক অমূল্য সম্পদ। প্রতিটি ছেলে কিংবা মেয়েকে শিক্ষার আঙ্গিনায় এনে তাদেরকে প্রকৃত মানুষ হিসাবে গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষক-শিক্ষিকাদের পাশাপাশি অভিভাবকদেরও গুরু দায়িত্ব নিতে হবে। বিশেষ অতিথির ভাষণে বিধায়ক বাসুদেব মজুমদার বলেন, সমাজে শিক্ষকদের স্থান বিশেষ স্থানে রয়েছে। প্রত্যেক শিক্ষককে সৎ মনোভাব ও প্রকৃত শিক্ষকের ভূমিকা বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন তিনি। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক যশবীর ত্রিপুরা, শিক্ষা দপ্তরের প্রাক্তন অধিকর্তা রণজিৎ দেবনাথ এবং অনুষ্ঠানের সভাপতি রতন চন্দ্র দাস প্রমুখ। স্বাগত ভাষণ রাখেন জোলাইবাড়ী মহেন্দ্রমোহন উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শান্তিপ্রিয় চৌধুরী। শান্তিরবাজার মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ২৬জন অবসর প্রাপ্ত শিক্ষক, প্রধান শিক্ষক ও শিক্ষিকাকে সম্বর্ধনা দেওয়া হয়। তাছাড়া, এদিনের অনুষ্ঠানে মহকুমা এলাকার ২৭টি বিদ্যালয়ের এ বছরের মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ৩৭১ জন কৃতী ছাত্র-ছাত্রীকে কৃতী সম্বর্ধনা দেয়া হয়।

জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

উদয়পুর, ০৬ সেপ্টেম্বর ।। আজ গোমতী জিলা পরিষদের সভাগৃহে পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি তথা সভাধিপতি সুনীতি সাহা। সভায় জিলা পরিষদের সহকারী সভাধিপতি দীনবন্ধু দাস, স্থায়ী কমিটির সদস্য-সদস্যা ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় জানানো হয়, চলতি অর্থ বছরে জিলা পরিষদের পঞ্চায়েত উন্নয়ন তহবিলের আর্থিক সহায়তায় জেলার ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের ভর্তুকীতে স্প্রে মেশিন প্রদান, মৎস্য চাষের উন্নয়নে বেড়জাল, এরিয়েটর মেশিন প্রদান, বিদ্যুৎ লাইন সম্প্রসারণ, পানীয় জলের লাইন সংস্কার, স্কুল গৃহ মেরামত, সাংস্কৃতিক ও খেলাধূলার মান উন্নয়ন ইত্যাদি কাজে এখন পর্যন্ত ২৪ লক্ষ ৩৩ হাজার ৫৭৯ টাকা ব্যয় করা হয়েছে। আজকের সভায় দেওয়ালী উৎসব, মহারাণী জল উৎসব, হুরিজলা লোকসংস্কৃতি উৎসব, ডাকমাছড়া ব্রুডার হাউসে বিদ্যুৎ সংযোগ, ফোটামাটি মিনি স্লুইচ গেইট সংস্কার, খেলাধূলার মান উন্নয়নে পূর্ব মির্জা পঞ্চায়েতে খেলার মাঠ সংস্কার করার সিদ্ধান্ত নেওয়া হয়।

গার্হস্থ্য হিংসা প্রতিরোধে রামঠাকুর মহাবিদ্যালয়ে আলোচনাচক্র

আগরতলা, ০৬ সেপ্টেম্বর ।। ত্রিপুরা মহিলা কমিশন ও রামঠাকুর মহাবিদ্যালয়ের যৌথ উদ্যোগে সংশ্লিষ্ট মহাবিদ্যালয়ে সম্প্রতি গার্হস্থ্য হিংসা সামাজিক নিরাপত্তার উপর এক হুমকী স্বরূপ শীর্ষক এক উন্মুক্ত আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। মহিলা কমিশনের চেয়ারপার্সন মনিকা দত্ত রায়ের সভাপতিত্বে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রামঠাকুর মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. দেবব্রত গোস্বামী, কমিশনের সদস্য সচিব অপর্ণা দে, সদস্যাদ্বয় নিয়তি রায় বর্মণ ও প্রণতি মোদক ।

আলোচনাচক্রের সূচনা করে মহিলা কমিশনের চেয়ারপার্সন মণিকা দত্ত রায় বলেন, পারিবারিক হিংসা ক্রমশঃ বৃদ্ধি পাওয়ার পেছনে মূল কারণ হল পণ । সারা দেশেই পণের জন্য নারীদের অনেক নির্যাতন সহ্য করতে হচ্ছে । এই সামাজিক ব্যাধিকে রুখতে পারে নতুন প্রজন্ম। তারা হল বর্তমানের ছাত্রছাত্রী, দেশের ভবিষ্যত । এই যুব শক্তি যদি দৃঢ়তার সাথে এগিয়ে আসে এবং গার্হস্থ্য হিংসার বিরুদ্ধে প্রতিবাদে সামিল হয় তবে সামাজিক এই ব্যাধি এক দিন শূন্যের কোঠায় চলে আসবে । রামঠাকুর মহাবিদ্যালয়ের অধ্যাপিকা শর্মিষ্ঠা ব্যানার্জি আলোচনাচক্রে অংশ নিয়ে বলেন, গার্হস্থ্য হিংসার মত একটা সামাজিক ব্যাধিকে নিয়ে ছাত্রছাত্রীদের সাথে আলোচনা করার যে প্রয়াস মহিলা কমিশন শুরু করেছে তা খুবই প্রশংসনীয় । তিনি বলেন, এ ধরণের উন্মুক্ত আলোচনার মাধ্যমে ছাত্রছাত্রীরা গার্হস্থ্য হিংসা কেন, কোথায় এবং কিভাবে সৃষ্টি হচ্ছে সে বিষয়ে অবগত হবে । তারা গার্হস্থ্য হিংসাকে প্রতিরোধ করার জন্য সামাজিক ও আইনগত যে দিকগুলো রয়েছে সে বিষয়ে জানবে এবং অন্যদেরকে জানাতে পারবে । উন্মুক্ত আলোচনাচক্রে বিশিষ্ট বক্তাদের পাশাপাশি মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরাও গার্হস্থ্য হিংসা প্রতিরোধের বিষয়ে সরব হন । অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন রামঠাকুর মহাবিদ্যালয়ের অধ্যাপিকা আইভি চৌধুরী ।

অম্পিনগরে স্বাস্থ্য শিবিরের কর্মসূচী

উদয়পুর, ০৬ সেপ্টেম্বর ।। অম্পিনগর সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে চলতি মাসে ৩টি স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । কর্মসূচী অনুযায়ী ৯ সেপ্টেম্বর শিবির হবে পূর্ব তৈচুলং-এ । ১৫ সেপ্টেম্বর দেবেন্দ্র পাড়ায় এবং ২২ সেপ্টেম্বর দর্পহরি পাড়ায় স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । শিবিরগুলিতে রোগীদের চিকিৎসা পরিষেবা সহ বিনামূল্যে অষুধ দেওয়া হবে । সংশ্লিষ্ট এলাকার জনগণকে স্বাস্থ্য শিবিরগুলিতে চিকিৎসার সুযোগ গ্রহণ করার জন্য স্বাস্থ্য দপ্তর থেকে অনুরোধ জানানো হয়েছে ।

খোয়াইয়ে কলা উৎসব অনুষ্ঠিত

খোয়াই, ৬ সেপ্টেম্বর ।। রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযানের উদ্যোগে এবং জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ের ব্যবস্থাপনায় খোয়াই টাউন হলে আজ জেলা ভিত্তিক কলা উৎসব অনুষ্ঠিত হয় । প্রদীপ জ্বালিয়ে উৎসবের উদ্বোধন করেন বিধায়ক বিশ্বজিৎ দত্ত। উদ্বোধকের ভাষণে বিধায়ক শ্রী দত্ত বলেন, সমাজ বা দেশের সুনাগরিক গড়ে তুলতে শিক্ষা অত্যন্ত জরুরী । শিক্ষার পূর্ণ বিকাশ হয় সংস্কৃতি বোধ ও শরীর চর্চার মধ্য দিয়ে। শিক্ষা, সংস্কৃতি, খেলাধূলা এই তিনটি বিষয় যুক্ত হলে সমাজ উন্নত হয়। স্বাগত ভাষণ দেন জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের বিদ্যালয় পরিদর্শক প্রদীপ দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহ সভাধিপতি বিদ্যুৎ ভট্টাচার্য। সভাপতিত্ব করেন জিলা পরিষদের সভাধিপতি সাইনী সরকার । জেলা ভিত্তিক কলা উৎসবে খোয়াই ও তেলিয়ামুড়া মহকুমা থেকে বিভিন্ন বিদ্যালয়ের নবম থেকে দ্বাদশ শ্রেণীর ১২২জন ছাত্রছাত্রী অংশ গ্রহণ করে। ছাত্রছাত্রীরা লোক সংগীত, নৃত্য, একক সংগীত, ভিজুয়েল আর্ট, নাটক ইত্যাদি পরিবেশন করে।

শারদোৎসব ঃ বিশালগড়ে সভা অনুষ্ঠিত

বিশালগড়, ৬ সেপ্টেম্বর ।। আসন্ন শারদ উৎসবকে সুন্দর ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে গতকাল বিশালগড় মহকুমা শাসক কার্যালয়ের সভাগৃহে এক সভা অনুষ্ঠিত হয়।আলোচনায় অংশ নিয়ে মহকুমা শাসক নান্টু রঞ্জন দাস জানান, পূজা উদ্যোক্তাদের পূজা করার জন্য সংশ্লিষ্ট থানা থেকে আগাম অনুমতি নিতে হবে। রাস্তায় গাড়ী থামিয়ে বা সরকারী অফিসে চাঁদা তোলা যাবে না ।বাড়ি বাড়ি গিয়ে সকাল ৭টা থেকে ১০টা এবং বিকেল ৪টা থেকে ৬টার মধ্যে চাঁদা তোলা যাবে । এক্ষেত্রে তিন জনের অধিক চাঁদা আদায়কারী থাকতে পারবে না। শারদোৎসবে শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য মহকুমা শাসক সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত মহকুমা শাসক বিজয় সিনহা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকবৃন্দ ও বিভিন্ন ক্লাবের প্রতিনিধিবৃন্দ ।

কমলপুরে স্কুল ভিত্তিক নাট্য প্রতিযোগিতা ও উৎসব ৯ সেপ্টেম্বর

কমলপুর, ৬ সেপ্টেম্বর ।। আগামী ৯ সেপ্টেম্বর বেলা ১১টায় কমলপুর টাউন হলে অনুষ্ঠিত হবে স্কুল ভিত্তিক নাট্য প্রতিযোগিতা ও উৎসব। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং সায়ক নাট্য সংস্থার ব্যবস্থাপনায় আয়োজিত মহকুমা ভিত্তিক এই উৎসবের উদ্বোধন করবেন বিধায়ক বিজয়লক্ষ্মী সিনহা । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন ধলাই জিলা পরিষদের সভাধিপতি পরিমল দাস । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মহকুমা পুলিশ আধিকারিক ড: চন্দন সাহা । অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সুব্রত ভট্টাচার্য্য । মহকুমা ভিত্তিক এই উৎসবে মহকুমার ৬টি বিদ্যালয় অংশ গ্রহণ করবে ।

দুর্গাচৌমুহনী ব্লকে আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের প্রস্তুতি

কমলপুর, ৬ সেপ্টেম্বর ।। দুর্গাচৌমুহনী ব্লকের উদ্যোগে আগামী ৮ সেপ্টেম্বর ব্লক ভিত্তিক আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত হবে। এদিন স্বেচ্ছায় রক্তদান শিবিরও অনুষ্ঠিত হবে । দুর্গাচৌমুহনী ব্লক অফিস প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানের সূচনা করবেন বিধায়ক অঞ্জন দাস । অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত থাকবেন বিধায়ক বিজয়লক্ষ্মী সিনহা, দুর্গাচৌমুহনী বি এ সিঞ্চর চেয়ারম্যান সঞ্জিত কুমার দেববর্মা, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বিশ্বেশর আহির, মহকুমা শাসক মানিকলাল বৈদ্য, মহকুমা পুলিশ আধিকারিক ড. চন্দন সাহা প্রমুখ । অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মানবেন্দ্র দেব ।

পানিসাগরে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান

পানিসাগর, ০৬ সেপ্টেম্বর ।। পানিসাগর নগর পঞ্চায়েতের উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় গত ৪ সেপ্টেম্বর রবীন্দ্র-নজরুল-সুকান্ত জন্মজয়ন্তী উপলক্ষ্যে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান আয়োজিত হয়। পানিসাগর টাউন হলে আয়োজিত এই অনুষ্ঠানে নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অরুন্ধতি দাস ও ভাইস চেয়ারপার্সন নীহার কান্তি দাস, পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীতল দাস সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ রবীন্দ্র-নজরুল-সুকান্তের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জনান। বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সহ বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন।

দৌলবাড়ী পঞ্চায়েতে নানা কাজ

সাব্রুম, ০৬ সেপ্টেম্বর ।। সাতচান্দ ব্লকের দৌলবাড়ী গ্রাম পঞ্চায়েতে গত অর্থবর্ষে এম জি এন রেগায় ১০টি নালা সংস্কার করা হয়েছে। কৃষি জমি সমতল করে দেওয়া হয়েছে ৭৬ জন কৃষককে, ২টি পুকুর খনন এবং ১টি পুকুর ও ১টি রাস্তা সংস্কার করা হয়েছে। এসব কাজে শ্রম দিবস সৃষ্টি হয়েছে ২২ হাজার ৭১৪টি এবং ব্যয় হয় ৪০ লক্ষ ২০ হাজার ৩৭৮ টাকা। চতুর্দশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে জলাধার সংস্কার, পানীয় জলের সুবিধার্থে ১১টি ওভার হেড ট্যাংক বসানো হয়। এছাড়া, দৌলবাড়ী অঙ্গনওয়াড়ী কেন্দ্র ও ৩টি পানীয় জলের পাইপ লাইন সংস্কার করা হয়। এসব কাজে ব্যয় হয় ৭ লক্ষ ১৬ হাজার ৫১১ টাকা। সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।

বিশালগড়ে আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের প্রস্তুতি

বিশালগড়, ০৬ সেপ্টেম্বর ।। বিশালগড় ব্লক সাক্ষরতা সমিতি এবং বিশালগড় পুর পরিষদের এলাকা সাক্ষরতা সমিতির যৌথ উদ্যোগে আগামী ৮ সেপ্টেম্বর বিশালগড় পঞ্চায়েত সমিতির হলে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন করা হবে। অনুষ্ঠানের উদ্বোধন করবেন বিশালগড় পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন পার্থপ্রতিম মজুমদার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। মহকুমা শাসক নান্টু রঞ্জন দাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশালগড় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দীপক পাল। অনুষ্ঠানে সভাপতি মন্ডলীতে থাকবেন পুর পরিষদের চেয়ারপার্সন পূর্নিমা চক্রবর্তী এবং বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দুলন সরকার (হাজারী)। এই অনুষ্ঠানকে সার্বিক ভাবে সফল করে তুলতে গতকাল পঞ্চায়েত সমিতির হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দুলন সরকার(হাজারী), পুর পরিষদের চেয়ারপার্সন পূর্নিমা চক্রবতী, ব্লক এলাকার বিভিন্ন পঞ্চায়েতের প্রধানগণ সহ ব্লকের বি ডি ও রতন ভৌমিক।

কাকড়াবন পঞ্চায়েত সমিতি ও বি এ সি-র যৌথ সভা অনুষ্ঠিত

উদয়পুর, ০৬ সেপ্টেম্বর ।। কাকড়াবন পঞ্চায়েত সমিতি এবং বি এ সি-র সাধারণ সভা সম্প্রতি কাকড়াবন পঞ্চায়েত সমিতির মিলনায়তনে অনুষ্ঠিত হয় । সভায় গোমতী জিলা পরিষদের সহকারী সভাধিপতি দীনবন্ধু দাস, কাকড়াবন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান স্বদেশ মজুমদার, পঞ্চায়েত সমিতির কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কেশব সেন সহ বিভিন্ন পঞ্চায়েতের প্রধান ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । সভার শুরুতে আলোচনায় অংশ নিয়ে কাকড়াবন ব্লকের বি ডি ও জানান, চলতি অর্থ বর্ষে এম জি এন রেগায় এখন পর্যন্ত কাকড়াবনে ১ লক্ষ ৮৬ হাজার ২৬৩টি শ্রমদিবস সৃষ্টি হয়েছে । প্রধানমন্ত্রী আবাসন যোজনায় ৩২৭টি ঘর নির্মাণের কাজ চলছে । কৃষি দপ্তরের প্রতিনিধি জানান, চলতি অর্থ বর্ষে আর জি পি প্রকল্পে খারিফ মরশুমে ৫৩ হেক্টরে আমন ধান ও ২ হেক্টরে পান এবং রেগায় ৭৩ হেক্টরে আম, মোসাম্বী, সুপারী চাষ করা হয়েছে । এছাড়া, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় ২২৫ হেক্টরে শ্রীপদ্ধতিতে হাইব্রীড আমন এবং ৩৫০ হেক্টরে শ্রীপদ্ধতিতে উচ্চ ফলনশীল আমন চাষ করা হয়েছে । এন এফ এস এম প্রকল্পে ভর্তূকীতে ১১০টি ব্রাস বডি স্প্রেয়ার, ১২৬টি পলি বডি স্প্রেয়ার, ২২০টি আগাছা পরিস্কার করার যন্ত্র, ২৫টি পাম্প সেট, ৪৫টি পাওয়ার স্প্রেয়ার এবং ৬৬টি ধান মাড়াই যন্ত্র দেওয়ার জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের প্রতিনিধি জানান, গত মাসে ৭০৩২টি পশু ও পাখির টিকাকরণ করা হয়েছে। এছাড়া, ১৪ জন প্রাণী পালককে স্ট্র এনরিচমেন্ট স্কীমে প্রশিক্ষণ দেওয়া হবে। এদিনের সভায় সভাপতিত্ব করেন কাকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুনীতি রায় ।

আমবাসায় নেশন্যাল ইয়ুথ ভলান্টিয়ারদের কর্মশালা

আমবাসা, ০৬ সেপ্টেম্বর ।। নেশন্যাল ইয়ুথ ভলান্টিয়ারদের ১৫ দিন ব্যাপী ইনডাকশান ট্রেনিং গত ৪ সেপ্টেম্বর থেকে আমবাসা পঞ্চায়েতরাজ প্রশিক্ষণ কেন্দ্রে শুরু হয়েছে । বিধায়ক ললিত কুমার দেববর্মা এই প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন । শিবিরে রাজ্যের ৮টি জেলা থেকে ৫১ জন ইয়ুথ ভলান্টিয়ার অংশ নেয় । উদ্বোধকের ভাষণে বিধায়ক শ্রীদেববর্মা সমাজের কল্যাণে যুব সমাজকে এগিয়ে আসার আহ্বান জানান । অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ধলাই জেলা প্রশাসনের এসিস্টেন্ট কালেক্টার ডাঃ বিশাল কুমার, নেহরু যুব কেন্দ্রের রাজ্য অধিকর্তা তপন নাগ সহ বিশিষ্ট জনেরা । এদিকে, গতকাল ধলাই জেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে স্বচ্ছ ভারতের জন্য আমি কী করতে পারি - বিষয়ক প্রবন্ধ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ।

৮ সেপ্টেম্বর থেকে ঐতিহ্যবাহী নীরমহল জল উৎসব

আগরতলা, ৬ সেপ্টেম্বর ।। মেলাঘরের রাজঘাটে রাজ্যের ঐতিহ্যবাহী নীরমহল জল উৎসব আগামী ৮ সেপ্টেম্বর শুরু হচ্ছে । তথ্য ও সংস্কৃতি দপ্তর, রুদ্রসাগর উদ্বাস্তু মৎস্যজীবী সমবায় সমিতি, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর, মেলাঘর পুর পরিষদ এবং অন্যান্য দপ্তরের উদ্যোগে আয়োজিত ৩দিন ব্যাপী এই উৎসব চলবে ১০ সেপ্টেম্বর পর্যন্ত । ৮ সেপ্টেম্বর বিকেল ৪টায় রাজঘাট মুক্তমঞ্চে এই উৎসবের উদ্বোধন করবেন বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর । প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী সহিদ চৌধুরী । অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক শ্যামল চক্রবর্তী, বিধায়ক তপন চন্দ্র দাস, ত্রিপুরা এগ্রিপ্রডিউস মার্কেট বোর্ডের ভাইস চেয়ারম্যান গৌরাঙ্গ ঠাকুরতা, রুদ্রসাগর উদ্বাস্তু মৎস্যজীবী সমবায় সমিতির সম্পাদক সত্যবান দাস এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা টি কে চৌধুরী । অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাস । নীরমহল জল উৎসব উপলক্ষ্যে ৮ সেপ্টেম্বর রাজঘাট মুক্তমঞ্চে বিকেল ৫টায় আয়োজিত হবে জেলা ভিত্তিক মনসামঙ্গল প্রতিযোগিতা । ৯ সেপ্টেম্বর বিকেল ৪টায় রাজঘাট মুক্তমঞ্চেই অনুষ্ঠিত হবে রাজ্য ভিত্তিক বাউল সংগীত প্রতিযোগিতা। ১০ সেপ্টেম্বর সকাল ১১টায় অনুষ্ঠিত হবে দূর পাল্লার সাঁতার প্রতিযোগিতা এবং বিকেল ৩টায় অনুষ্ঠিত হবে ঐতিহ্যবাহী নৌকা বাইচ প্রতিযোগিতা । পর্যটন মন্ত্রী রতন ভৌমিক এই অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। ঐদিন বিকেল ৪টায় অনুষ্ঠিত হবে সমাপ্তি এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান । রাজঘাট মুক্ত মঞ্চে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী ভানুলাল সাহা । সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পর্যটন মন্ত্রী রতন ভৌমিক । অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক শ্যামল চক্রবর্তী এবং বিধায়ক তপন চন্দ্র দাস, মোহনভোগ বি এ সি-র চেয়ারম্যান কুঞ্জলীলা মুড়াসিং, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা এম কে নাথ । অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাস।